মেহেরপুরে ওয়েভ ফাউন্ডেশন আরএমটিপি প্রকল্পের মেশিন ও চেক বিতরণ

মেহেরপুরে ওয়েভ ফাউন্ডেশন আরএমটিপি প্রকল্পের মেশিন ও চেক বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার দুপুর ২ টার সময় ফুলবাগান পাড়ায় মেহেরপুর সদর উপজেলা ওয়েভ ফাউন্ডেশনের ইউনিট অফিসে আন্তর্জাতিক কৃষি উন্নয়ন তহবিল (ইফাদ), ডেনমার্ক দূতাবাস (ড্যানিডা) এবং পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর আর্থিক ও কারিগরি সহযোগিতায় ওয়েভ ফাউন্ডেশন কর্তৃক বাস্তবায়িত রুরাল মাইক্রো এন্টারপ্রাইজ ট্রান্সফর্মেশন প্রজেক্ট আরএমটিপি’র আওতায় নিরাপদ মাংস ও দুগ্ধ জাত পণ্যের বাজার উন্নয়ন উপ-প্রকল্পের মাধ্যমে ডেইরি খামারিদের মাঝে ঘাস ও খড় কাটার মেশিন, দানাদার খাদ্য ভাঙানো মেশিন এবং অনুদানের চেক বিতরণ অনুষ্ঠিত হয় ।

উক্ত মেশিন বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আরএমটিপি’র প্রকল্প ব্যবস্থাপক ডা.আবু সালেহ্ মোঃ শহীদ, ইউনিট ম্যানেজার মোঃ মাজিদুল ইসলাম , ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর কৃষিবিদ সাজেদুল হক , এলএসপি শাহিনুল ইসলাম এবং স্বপন মিয়া সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গগণ উপস্থিত ছিলেন ।

মেশিন বিতরণকালে প্রকল্প ব্যবস্থাপক সামগ্রিকভাবে প্রকল্পের লক্ষ্য উদ্দেশ্য সম্পর্কে আলোচনা করেন ।

এ সময় ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর মোঃ আশরাফুল হক খামারিদের উদ্দেশ্যে মেশিন ব্যবহারের সামগ্রিক গুরুত্ব ও সময় অপচয় রোধে গুরুত্বপূর্ণ আলোচনা করেন।

উক্ত অনুষ্ঠানটি সঞ্চালনায় ছিলেন সহকারী ভ্যালু চেইন ফ্যাসিলিটেটর মোছাঃ সহিবা খাতুন ।

দর্শনায় ওয়েভ ফাউন্ডেশনের উদ্যাগে বৃক্ষরোপণ কর্মসূচি পালন

চুয়াডাঙ্গার শিল্পনগরী দর্শনার বিভিন্ন রাস্তায় শনিবার দিনব্যাপি এক আনন্দঘন পরিবেশে বৃক্ষরোপন কর্মসূচি পালন করা হয়েছে । ওয়েভ ফাউন্ডেশন, ইউথ এসম্বলি ও গো গ্রীন কর্মসূচির যৌথ উদ্যাগে আয়োজিত এই কর্মসূচি পালন করা হয়েছে।

এ বৃক্ষ রোপন কর্মসূচীর মধ্যে ছিল ছাত্র, যুব সমাজ রাজনৈতিক নেতৃবৃন্দ সাংবাদিক ও বিভিন্ন পেশাজীবি নেতৃবৃন্দসহ স্থানীয় পরিবেশকর্মীরা অংশগ্রহণ করেন।

দর্শনা প্রেসক্লাবের সম্মানিত নেতৃবৃন্দসহ বিভিন্ন শ্রেনীপেশার নেতৃবৃন্দরা সম্মিলিত ভাবে বৃক্ষরোপন কর্মসূচির উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সম্বয়কারী আব্দুস ছালাম, অতিথি হিসাবে বক্তব্য রাখেন দর্শনা প্রেস ক্লাবের সাংবাদিক সমিতির সভাপতি জাহিদুল ইসলাম, সাধারণ সম্পাদক হানিফ মন্ডল, ওয়েভ ফাউন্ডেশনের উপ পরিচালক জহির রায়হান, সহকারী পরিচালক কিতাব আলী, উপদষ্টা আব্দস শুকুর, দর্শনা বিএনপি যুবদলের পৌর যুগ্মআহবায়ক জাহান আলী প্রমুখ।

উদ্বোধনী অনুষ্ঠানে অতিথিরা বলেন বৃক্ষ আমাদের জীবনের অপরিহার্যের অংশ। বৃক্ষরোপণ শুধু পরিবেশ রক্ষা করে না এটি আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য একটি সুদর পৃথিবী গড়তে সহায়ক। ওয়েভ ফাউন্ডেশনের এই উদ্যাগে আগামী দিন তীব্র তাপদাহ মোকাবেলায় ও পরিবেশের ভারসাম্য রক্ষায় গুরুত্বপুর্ণ ভুমিকা পালন করবে।

বৃক্ষরোপনের পাশাপাশি ওয়ভ ফাউন্ডশন, ইউথ এসম্বলি, গো গ্রীন কর্মসূচি ও স্থানীয় পরিবেশ কর্মীরা পরিবেশের ভারসাম্য রক্ষায় সচেতনতা বৃদ্ধিতে পোষ্টার ও ব্যানার প্রদর্শন করেন। এতে বিভিন্ন শ্লোগান লেখা ছিলো যেমন ”গাছ লাগায় যত্ন করি, গ্রীন লাইফ স্টাইলে চর্চা করি” “গাছ লাগান প্রাণ বাঁচান” সবুজ পথিবী, সুষ্ঠ জীবন”।

অনুষ্টানে আয়োজক সংস্থা সহযোগিরা ঘোষনা দেন প্রায় ফলজ ও বনজ ৫ হাজার রোপনকৃত এই চারা টিকিয়ে রাখার জন্য ওয়ভ ফাউন্ডশন ও রামাজুস যুব সংঘ যৌথ ভাবে স্থানীয় পরিবেশ কর্মীদের সাথে নিয়ে আগামী দুই বছর দেখভাল করবে।

অনুষ্টানটি পরিচালনা করেন ওয়েভ ফাউন্ডেশনের সিনিয়র সম্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ।

ওয়েভ ফাউন্ডেশনের পরিচালকসহ ৫ কর্মকতার্র বিরুদ্ধে মেহেরপুর আদালতে মামলা

ওয়েভ ফাউন্ডেশনের নিবার্হী পরিচালক মহাসিন আলীসহ পাঁচ কর্মকতার্র বিরুদ্ধে মেহেরপুর কোটে মামলা হয়েছে। যার মামলা নং মেহেরপুর কোট দেওয়ানী মামলা নং-১২৩/২০২০। এ মামলার আসামীরা হলেন, নিবার্হী পরিচালক মহসিন আলী, উপ-পরিচালক প্রশাসন ও মানব বিভাগরের উফতেখার হোসেন, ক্ষুদ্রঋণ কর্মসূচির পরিচালক কফিল উদ্দিন, সমন্বয়কারী অডিট বিভাগের প্রদীপ্ত কুমার মিত্র ও ইউনিট ম্যানেজার আমিরুল ইসলাম।

তবে এ বিষয় আমিরুল ইসলাম জানান আমি শেফালী খাতুনের পক্ষে স্বাক্ষী দেব। এ মামলার বাদী শেফালী খাতুন জানান, এরিয়া সমন্বয়কারী হিসাবে কর্মরত ছিলাম। গত ৩০/০৬/২০২০ তারিখ হঠাৎ করে আমাকে আমার পদ থেকে বরখাস্ত ও জরিমানাকরণ ও বেআইনীভাবে আমাকে বরখাস্ত করে ২০২০ সালের মার্চ, এপ্রিল, মে, জুন ও জুলাই মাসের বেতনভাতাদী বন্ধ করে দেয়। আমাকে গত ২৫/০২/২০২০ তারিখ ওয়েভ ফাউন্ডেশনের মানব সম্পদ বিভাগ কার্যক্রম স্থগিত করে একটি কারণ দর্শনোর নোটিশ প্রদান করে। আমার অপরাধ কি জানতে চাইলে কতৃপক্ষ জানান মেহেরপুর ৭ নং ইউনিটের ম্যানেজার, হিসাব রক্ষক ও একজন সিডিও দ্বারা কিছু অর্থ আত্মসাত হয়েছে।

এ বিষয়ে গঠিত একটি তদন্ত কমিটি কতৃক তদন্তের ভিত্তিতে তৎকালীন

ম্যানেজারকে বিভিন্ন ভয় ভিতি দেখিয়ে ভুয়া ঋণ বিতরণ ঋণের মাষ্টাররোল ঋণের প্রস্তাবপত্র সফটওয়ারের সাথে তথ্য যাচাই-বাচাই না করে হিসাব কর্মকতার্র বিরুদ্ধে ২৮ লাখ টাকা অত্মসাত দেখানো হয়। যা একজনের পক্ষে ২৮ লাখ টাকা অত্মসাত করা অসম্ভব বলে মনে করি। এটা সফটওয়ারের কারসাজি বলে আমি মনে করি। তাছাড়া সফটওয়ারের তথ্য সংক্ষণের দায়িত্ব ছিলেন ইউনিট ম্যানেজার ও হিসাব রক্ষক। আমার পক্ষে অর্থ আত্মসাত করা অসম্ভব ব্যাপার। বিধি মোতাবেক আমাকে আত্মপক্ষ সর্মথনের সুযোগ না দিয়ে আমার বিরুদ্ধে চাকুরী হতে বরখাস্তা ও জরিমানা করা হয়। উল্লেখ্য সূত্র নং ওয়েভ ফাউন্ডেশন/প্রসাশন ও মানব সম্পদ/১০৪০/২/২০২০ মোতাবেক ৩০/০৬/২০২০ বরখাস্ত করেন।

ফলে বাদীর অষ্টম অধ্যায়ের ৮ ও ৭ অপরাধের ধরণ দরণে দন্ড ও সহায়তা বর্ণিত বিষয়ের সাথে বাদীর বখাস্তের কারণ ও ধারার কোন মিল নেই। ফলে বাদী ঐ ধারায় বর্ণিত কোন অপরাধী নয় বলে শেফালী খাতুন দাবী করেন। তিনি আরো বলেন যেহেতু আমি দোষী না। ফলে আমার ন্যায্য পাওনা ও আমার মান-সম্মাম ক্ষুন্ন হয়েছে বলে আমি মনে করি। ওয়েভ ফাউন্ডেশন মানুষের ন্যায্য অধিকার ও মানবোধীকার নিয়ে কাজ করে আসছে। সেখানে ওয়েভ ফাউন্ডেশনের শুধু আমি না সকল পযার্য়ের কর্মকতা ও কর্মচারীদের বিভিন্ন ভাবে অধিকার বঞ্চিত করে আসছে বলে আমি মনে করি।

দর্শনায় ওয়েভ ফাউন্ডেশনের উদ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্প ও আলোচনা সভা

স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০৪ তম জন্ম বার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষে ফ্রি মেডিকেল ক্যাম্প ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

ওয়েভ ফাউন্ডেশন ও পিকেএসফের উদ্যোগে আজ রবিবার বেলা ২টায়

চুয়াডাঙ্গায় ওয়েভ ফাউন্ডেশনের গো গ্রীন সেন্টারের শুভ উদ্বোধন

চুয়াডাঙ্গায় ওয়েভ ফাউন্ডেশনের গো গ্রীন সেন্টার এর শুভ উদ্বোধন করা হয়েছে। আজ মঙ্গলবার বেলা ১২ টায় চুয়াডাঙ্গা কোষাঘাটার গো গ্রীন সেন্টারের মাঠ প্রাঙ্গনে এই গো গ্রীন সেন্টার নিয়ে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন ওয়েভ ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক মহসীন আলী। পল্লি কর্মসহায়ক

ফাউন্ডেশনের সহযোগীতায় আয়োজন করেন ওয়েভ ফাউন্ডেশন। এ সময় গো গ্রীন সেন্টার শুভ উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি পল্লি কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ) এর ব্যবস্থাপনা পরিচালক (এমডি) ড. নমিতা হালদার।

গো গ্রীন সেন্টারের সকল কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়। আলোচনার শুরুতে গো গ্রীন কাজ থাকবে মাঠ পর্যায়ে পরীক্ষা নিরীক্ষা, কৃষি পণ্যভিত্তিক ক্লাস্টার এবং কৃষি উদ্দ্যোক্তা গড়ে তোলার ক্ষেত্রে এই গো গ্রীন ভুমিকা রাখবে। গো গ্রীন সেন্টারের ব্ল্যাক বেঙ্গল ছাগল ব্রিডিং খামার পরিচালনা কৃষি, মৎস্য ও প্রাণী সম্পদে অগ্রগতি বাড়ানো পরিবেশের জন্য সুরক্ষা সচেতনতা নিশ্চিত বিষয়ে গো গ্রীন সেন্টার ভুমিকা রাখবে। জলবায়ু অভিঘাত মোকাবেলায় অভিযোজনে কাজ করবে গো গ্রীন সেন্টার। পরিবেশ সম্মত ও নিরাপদ বিষয়ে গো গ্রীন সেন্টার কাজ করবে। জলবায়ু কার্যক্রম ও নিরাপদ পানি ও স্বাস্থ্যসম্মত স্যানিটেশন ও স্বাস্থ্যবিধি চর্চা করবে গো গ্রীন সেন্টার। এছাড়া গো গ্রীন সেন্টার আরো অন্যান্য বিষয় নিয়ে গো গ্রীন সেন্টার তার ভুমিকা রাখবে। যুবকদের দক্ষতা বৃদ্ধি নিয়েও গো গ্রীন সেন্টার কাজ করবে বলে জানা গেছে।

গো গ্রীন সেন্টার উদ্বোধন অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, ওয়েভ ফাউন্ডেশন নির্বাহী পরিচালক মহসীন আলী, উপ-নির্বাহী পরিচালক নাসিফা আলী, ওয়েভ ফাউন্ডেশনের মানবসম্পদ ও প্রশাসন বিভাগের পরিচালক ইফতেকার হোসেন, সহকারী পরিচালক নির্মল দাস, উপ-পরিচালক জহির রায়হান সোহাগ, সিনিয়র সমন্নয়কারি আনিসুর রহমান, সহকারী

পরিচালক কিতাব আলী, সহ-সমন্বয়কারি শরিফুল ইসলাম লিটন, সিনিয়র সমন্নয়কারি কামুরুজ্জামান যুদ্ধ, ওয়েভ ফাউন্ডেশনের এডভাইজার আব্দুস শুকুর ও এরিয়া ম্যানাজার মামুন মিয়া, প্রোগ্রাম অফিসার কানিজ সুলতানা, ফরাদ হোসেন, আশরাফুল ইসলাম ও ওয়েভ ফাউন্ডেশনের অন্যান্য কর্মকতাগণ।

এছাড়াও উপস্থিত ছিলেন, জেলা লোকমোর্চার সহ-সভাপতি তানজিলা মিনি, সাধারণ সম্পাদক, শাহ আলম সনি, সদর উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক পারভিন লাইলা, সদস্য, শিরিনা আক্তার ডলি, ইলিয়াস হোসেন, জামান আক্তার, শেখ লিটন, ইয়ুথ।

অ্যাসেম্বলির পক্ষে উপস্থিত ছিলেন সংগ্রাম, মিথুন, সাকিব সহ ওয়েভ ফাউন্ডেশনের কর্মকর্তা ও কর্মচারী বৃন্দ।

মুজিবনগরে ওয়েভ ফাউন্ডেশনের বিশ্ব পানি দিবস পালন

পানি বিষয়ক সমস্যা সমাধানে “পরিবর্তনকে ত্বরান্বিত করো”এই প্রতিপাদ্যে এবং ২০৩০ সালের মধ্যে দেশের সকলের জন্য নিরাপদ পানি নিশ্চিতকরণ স্লোগানে মুজিবনগরে পালিত হয়েছে বিশ্ব পানি দিবস।

বুধবার সকালে উপজেলার মানিকনগর গ্রামে ওয়েব ফাউন্ডেশন মুজিবনগর শাখা এর আয়োজনে, দিবসটি পালন উপলক্ষে র্যালী ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

র্যালী ও আলোচনা সভায় উপস্থিত ছিলেন,মুজিবনগর উপজেলা প্রকৌশল অফিসের উপ সহকারী প্রকৌশলী সিহান হোসেন,ওয়েভ ফাউন্ডেশন এর প্রকল্প সমন্বয়কারী (অ্যাক্সিস প্রকল্প) শাহেদ জামাল, ওয়েভ ফাউন্ডেশন এর ফিল্ড মনিটর নাহিদ ফাতেমা,ওয়েভ ফাউন্ডেশন এর মুজিবনগর ইউনিট ম্যানেজার ইনারুল ইসলাম,ওয়েভ ফাউন্ডেশনের সি,ডি,ও-২ আব্দুল মতিন।
আলোচনা সভায় বক্তারা বলেন, পৃথিবীব্যাপি সুপেয় পানির সংকট ভয়াবহ পর্যায়ে পৌঁছেছে। বাংলাদেশও এর ব্যতিক্রম নয়।বর্তমানে দেশের

প্রায় সকল স্হানে সুপেয় পানির সংকট রয়েছে। উপকূল অঞ্চলের পানিতে মাত্রাতিরিক্ত লবনাক্ততা রয়েছে। বরেন্দ্র অঞ্চল, পাহাড়ী অঞ্চল খরাপ্রবণ অঞ্চলসহ দেশের বিভিন্ন জেলায় পানির স্তর নিচে নেমে গেছে, ফলে বছরের সব সময় যথেষ্ট পানি পাওয়া যায় না। পানিতে মাত্রাতিরিক্ত আর্সেনিক ও আয়রন দেখা যাচ্ছে, যা স্বাস্থ্যের জন্য বিপদজনক। এছাড়া পানিতে অদৃশ্য ভাইরাসেরও অস্তিত্ব রয়েছে, যা থেকে প্রতিদিন ডায়রিয়া, আমাশয়ের শিকার হচ্ছে অসংখ্য শিশু,নারী ও পুরুষ।

এ সংকট মোকাবেলা করে সকলের জন্য নিরাপদ পানি নিশ্চিত হওয়া জরুরী। সারা বিশ্বের মানুষকে সচেতন ও উদ্যোগী করার জন্য জাতিসংঘ ১৯৯৩ সাল থেকে বিশ্ব পানি দিবস পালন করে আসছে ২০২৩ সালে সারাবিশ্বে পানি সংকটকে মোকাবেলা করার জন্য “পরিবর্তনকে ত্বরান্বিত করো” প্রতিপাদ্য করে ২২ মার্চ বিশ্ব পানি দিবস পালিত হচ্ছে।দৈনিক পত্রিকায় প্রকাশিত একটি প্রতিবেদনে জানা গেছে, আমাদের দেশের শতকরা ৫৯ ভাগ মানুষ নিরাপদ খাবার পানি পায়। বাকি ৪১ শতাংশ অর্থাৎ প্রায় ৭ কোটি মানুষ নিরাপদ খাবার পানি থেকে বঞ্চিত। জাতিসংঘের এসডিজি লক্ষ্যমাত্রা অনুযায়ী বাংলাদেশে সকলের জন্য নিরাপদ পানি নিশ্চিতকরণের লক্ষ্যমাত্রা রয়েছে।

এসডিজি লক্ষ্যমাত্রা অনুযায়ী ২০৩০ সালের মধ্যে দেশের সকলের জন্য নিরাপদ পানি নিশ্চিতকরণে সরকারকে বর্তমানের তুলনায় দ্বিগুণ/তিনগুণ হারে প্রয়োজন অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। পাশাপাশি আমাদেরকে পানির অপচয় রোধ করতে হবে। ভূ-পৃষ্ঠের পানি ব্যবহার বৃদ্ধি করতে হবে, একইসাথে ভূ-গর্ভস্থ পানির ব্যবহার হ্রাস করতে হবে। জমিতে ক্ষতিকর কীটনাশক ও রাসায়নিক সারের ব্যাবহার বন্ধ করতে হবে। ময়লা পানি ও আবর্জনা দিয়ে নদী নালার পানিকে দূষিত করা চলবে না। শহরে গ্রামে সব জায়গায় ময়লা পানি ও আবর্জনা রাখার সুষ্ঠু ব্যবস্থাপনা করতে হবে। ব্যবহৃত পানি পুণ্যবহারসহ প্রয়োজন অনুযায়ী বিভিন্ন পদক্ষেপ যত দ্রুত বাস্তবায়ন করা হবে, সমস্যার চিত্র পরিবর্তন তত ত্বরান্বিত হবে। দেশের সকল শিশু, নারী, পুরুষ নিরাপদ পানি পান করার সুযোগ পাবে এবং সকলের সুস্বাস্থ্য নিশ্চিত হবে।

ওয়েভ ফাউন্ডেশন এ বছর ১৫টি জেলার কর্মএলাকায় পানির সংকট মোকাবেলা করে সকলের জন্য নিরাপদ পানি নিশ্চিতকরণে সব স্তরের জনগণকে সচেতন ও উদ্যোগী করার জন্য বিশ্ব পানি দিবস ২০২৩ পালন করছে। আশা করা যায়, বিশ্ব পানি দিবসের অনুষ্ঠানসমূহে

অংশগ্রহণকারী ১৮ হাজারেরও অধিক মানুষ এ বিষয়ে সচেতন হয়ে প্রয়োজনীয় ভূমিকা পালনে উদ্যোগী হবে।

এক্সেস প্রকল্পেটি ওয়াটার- ওআরজি এর কারিগরি সহায়তায় বাস্তবায়িত হচ্ছে।

চুয়াডাঙ্গায় ওয়েভ ফাউন্ডেশনের প্রধান নির্বাহীর সাথে যুবদের মতবিনিময়

চুয়াডাঙ্গায় ওয়েভ ফাউন্ডেশনের প্রধান নির্বাহী পরিচালক মহসিন আলীর সাথে ওয়েভ ফাউন্ডেশনের বিভিন্ন প্রকল্পের আওতাধীন যুবদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বেলা দুইটার সময় ওয়েভ ফাউন্ডেশনের ট্রেনিং সেন্টারে এই মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

মতবিনিময় সভায় ইয়ুথ লিডারশীপ ও যুব নেতৃত্ব এবং সামাজিক ব্যবসা উদ্যোক্তা তৈরিকৃত প্রজেক্টের আওতাধীন লিড বাংলাদেশ প্রকল্পের যুবক-যুবতী, ওয়েভ ফাউন্ডেশনের যুব নেতৃত্ব বিকাশিত করার সংগঠন ইয়ুথ অ্যাসেম্বলির যুবক-যুবতী এবং ওয়েভ ফাউন্ডেশনের বিভিন্ন প্রজেক্টের যুব প্রধানগণ উক্ত মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন।

এ সময় ওয়েভ ফাউন্ডেশনের প্রধান নির্বাহী পরিচালক মহসিন আলী যুবদের উদ্দেশ্য বলেন, যুব সমাজ একটা দেশের প্রধান চালিকাশক্তি । ২০৪১ সালে বাংলাদেশ উন্নত দেশে পরিণত হবে। আর এই অগ্রযাত্রায় কাণ্ডারি হবে দেশের যুবসমাজ। তরুণরাই দেশকে উন্নত অবস্থানে নিয়ে যেতে পারে। মাদক ও জঙ্গিবাদ যেন যুবসমাজকে বিপথগামী না করে সেদিকে নজর দেওয়া প্রয়োজন।

তিনি আরও বলেন, ওয়েভ ফাউন্ডেশন বিভিন্ন ট্রেডে যুবক ও যুব মহিলাদের প্রশিক্ষণ দেয়। সময়ের সঙ্গে প্রশিক্ষণে প্রোগ্রামিং ও ফ্রিল্যান্সিংয়ের মতো আধুনিক বিষয় যুক্ত হয়েছে।

মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন, ওয়েভ ফাউন্ডেশনের উপ- নির্বাহী পরিচালক নাফিসা আলী,উপ-পরিচালক জহির রায়হান, সহকারী পরিচালক কিতাব আলী,সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, সিনিয়র সমন্বয়কারী আব্দুস সালাম, এ্যাডভাইজার আব্দুস শুকুর, লিড বাংলাদেশ প্রকল্পের কো-অর্ডিনেটর শরিফুল আলম লিটন,ইয়ুথ লিডার মাহাবুব, প্লাবনি, সংগ্রাম ও সাকিব সহ ওয়েভ ফাউন্ডেশনের কর্মকর্তা বৃন্দ।

উথলীতে স্বাস্থ্য কর্মীদের সাথে ওয়েভ ফাউন্ডেশন ও লোকমোর্চার মতবিনিময়

স্বাস্থ্য সেবার মান উন্নয়নে জীবননগর উপজেলার উথলীতে ইউনিয়ন পর্যায়ে উপ-স্বাস্থ্য,কমিউনিটি ক্লিনিক ও পরিবার পরিকল্পনা বিভাগের নানা সমস্যা ও সম্ভাব্য বিষয় নিয়ে ওয়েভ ফাউন্ডেশন ও উপজেলা লোকমোর্চার নেতৃবৃন্দের সাথে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বেলা ১১ টায় উথলী ডিগ্রী কলেজ মাঠে ওয়েভ ফাউন্ডেশন ও লোকমোর্চার আয়োজনে এই আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উথলী উপস্বাস্থ্য কেন্দ্র,কমিউনিটি ক্লিনিক ও পরিবার পরিকল্পনা বিভাগের কর্মকর্তাদের সাথে মতবিনিময় সভায় চিকিৎসার মান আরও বৃদ্ধি করতে নানা পদক্ষেপ গ্রহণ করা হয় এবং সেগুলো বাস্তবায়নের জন্য পরিকল্পনা নেওয়া হয়।

উথলী ইউনিয়ন লোকমোর্চার সভাপতি আব্দুল মান্নান পিল্টু’র সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা লোকমোর্চার সভাপতি,উথলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কালাম আজাদ।বিশেষ অতিথি হিসেবে ছিলেন জীবননগর উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান ও উপজেলা লোকমোর্চার সাধারণ সম্পাদক আবু মো.আব্দুল লতিফ অমল,উপজেলা লোকমোর্চার সহ-সভাপতি সাংবাদিক

সালাউদ্দীন কাজল,উপজেলা লোকমোর্চার সমন্বয়কারী আব্দুল আলীম সজল,ইউনিয়ন লোকমোর্চার সদস্য ইউনুচ আলী,অবসরপ্রাপ্ত শিক্ষক দাউদ হোসেন,আব্দুল মতিন সহ অনেকে।

এছাড়াও অনুষ্ঠানে ইউনিয়নের উপ-স্বাস্থ্য কেন্দ্র,কমিউনিটি ক্লিনিক ও পরিবার পরিকল্পনা বিভাগের দায়িত্বরত স্বাস্থ্য কর্মীরা উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গা ওয়েভ ফাউন্ডেশনের সংবাদ সম্মেলন

চুয়াডাঙ্গা জেলা প্রেসক্লাবের সামনে গত ৭ জানুয়ারি ২০২৩ সকাল ১১ টার সময় ওয়েভ ফাউন্ডেশনের ৫১৪ কর্মী চাকরীচ্যুত মানববন্ধন ও বিক্ষোভ সমাবেশের প্রতিবাদস্বরূপ ও তীব্র নিন্দা জ্ঞাপন করে চুয়াডাঙ্গা ওয়েভ ফাউন্ডেশন কর্তৃক সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

বিগত ৭ ই জানুয়ারি ২০২৩ বেলা ১১ টার দিকে চুয়াডাঙ্গা প্রেসক্লাবের সামনে নারী-পুরুষ কিশোর মিলে এক মানববন্ধন করে যাদের হাতে সংস্থার নির্বাহী পরিচালক বিরোধী বক্তব্য সম্বলিত বিভিন্ন ব্যানার ফেস্টুন ছিল।সেইসাথে মানববন্ধনে সংস্থা ও সংস্থার প্রধান নির্বাহী পরিচালক মহসিন আলীর বিরুদ্ধে বিভিন্ন প্রকার অভিযোগ উপস্থাপনা ও তার ছবি পুড়িয়ে মানববন্ধন কর্মসূচি পালন করে । মানববন্ধনরত কর্মীরা অভিযোগ করে বলেন বিগত তিন বছরে সংস্থা কতৃক অকারণে ৫১৪ জন কর্মীকে চাকরীচ্যুত করে এবং মানববন্ধনে অংশগ্রহণকারীরা চুয়াডাঙ্গা জেলার জেলা প্রশাসকের মাধ্যমে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী বরাবর স্মারকলিপি প্রদান করেন। এরই পরিপ্রেক্ষিতে চুয়াডাঙ্গা ওয়েভ ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত চুয়াডাঙ্গা মালো পাড়াতে অবস্থিত ওয়েভ ট্রেনিং সেন্টারে বেলা এগারোটার সময় ফাউন্ডেশন এর গভর্নিং বোর্ড ও ওয়েভ ফাউন্ডেশনের কর্মকর্তাবৃন্দ সংবাদ সম্মেলন করে।

সংবাদ সম্মেলনে ওয়েভ ফাউন্ডেশনের পরিচালক ইফতেখার হোসেন বলেন, সংস্থার প্রাক্তন উপ-নির্বাহী পরিচালক আনোয়ার হোসেনের

ওয়েভ ফাউন্ডেশনের বিভিন্ন ইউনিটের কর্মকর্তা বৃন্দ।